Department of Education

সংশোধিত ভবন সদ্ব্যবহার পরিকল্পনা

সংযুক্ত শিক্ষাগত প্রভাব বিবরণী ("ইআইএস")-এ যেমনটি আরো বিশদভাবে বলা হয়েছে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই") ইনভিক্টাস প্রেপারেটরি চার্টার স্কুল (৮৪কে৩৮৬, "ইনভিক্টাস প্রেপ")-কে লালনের প্রস্তাব করছে, যেটি একটি নতুন পাবলিক চার্টার স্কুল যা পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত সর্বোচ্চ ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে এবং যা কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট ১৯-এর আওতাধীন এলাকায় 370 Fountain Avenue, Brooklyn, NY, 11208 ঠিকানায় ভবন কে২১৮ ("কে২১৮")-তে অবস্থিত। ভবন কে২১৮-তে ইনভিক্টাস প্রেপ ডিওই জোনভুক্ত ষষ্ঠ হতে অষ্টম গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদানকারী একটি বিদ্যমান মিডল স্কুল, জে.এইচ.এস. ২১৮ জেমস পি. সিনট (১৯কে২১৮, "জে.এইচ.এস.২১৮")-এর সঙ্গে এবং একটি বিদ্যমান ডিওই হাই স্কুল যা বর্তমানে নবম হতে একাদশ গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদান করে, দ্য স্কুল ফর ক্লাসিকস: অ্যান অ্যাকাডেমি অব থিংকার্স, রাইটার্স অ্যান্ড পারফরমার্স (১৯কে৬৮৩, "দ্য স্কুল ফর ক্লাসিকস")-এর সঙ্গে সহাবস্থান করবে। জে.এইচ.এস২১৮ ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল চয়েস প্রসেস-এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করে থাকে। এতে একটি জোনভুক্ত কর্মসূচি এবং একটি বাছাই আবেদন কর্মসূচি রয়েছে যা ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থী ও বাসিন্দাদের জন্য উন্মুক্ত। দ্য স্কুল ফর ক্লাসিকস শিক্ষার্থী ভর্তি করে থাকে সিটিব্যাপী হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে, এবং ২০১১-২০১২ বর্ষে স্কুল ফর ক্লাসিকস এর পর্যায়ক্রমিক অধিষ্ঠান প্রক্রিয়া সম্পন্ন করবে। কে২১৮ ভবনটিতে আরো রয়েছে একটি কমিউনিটি ভিত্তিক সংগঠন ("সিবিও"), বীকন, যা শিক্ষার্থীদের জন্য স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি প্রদান করে। এই প্রস্তাবটির ফলে এই সিবিও ক্ষতিগ্রস্ত হবে না। কে২১৮ ভবনে ইনভিক্টাস প্রেপ হবে একটি নতুন চার্টার স্কুল যা ২০১৪-২০১৫ বর্ষে এর পর্যায়ক্রমিক আবির্ভাব প্রক্রিয়া সম্পন্ন করার পর পঞ্চম হতে অষ্টম গ্রেডে পরিষেবা প্রদান করবে।

এটি ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ – এই চার বছর যাবত কে২১৮ ভবনে ইনভিক্টাস'কে পূর্ণাঙ্গ কার্যক্রমের জন্য প্রস্তুত করার একটি সংশোধিত প্রস্তাব। কে২১৮-তে এবং ডিস্ট্রিক্ট ১৯-এর অন্যান্য অবস্থানে বিদ্যমান ফাঁকা জায়গা ডিওই মূল্যায়ন করবে এবং ২০১৫-২০১৬ স্কুল-বর্ষ ও তার পরবর্তী সময়ের জন্য প্রাপ্য সবচেয়ে উপযোগী স্থানের ওপর ভিত্তি করে ইনভিক্টাস-এর দীর্ঘমেয়াদী অবস্থানের লক্ষ্যে একটি নতুন শিক্ষাগত প্রভাব বিবরণী ("ইআইএস") জারি করবে।

এই প্রস্তাবের Building Utilization Plan বা ভবন সদ্ব্যবহার পরিকল্পনা ("বিইউপি"), যা প্রাথমিকভাবে প্রকাশিত হয় ফেব্রুয়ারি ১, ২০১১ তারিখে এবং প্যানেল ফর এডুকেশন পলিসি কর্তৃক অনুমোদিত হয় মার্চ ২৩, ২০১১ তারিখে, তা নিম্নোক্ত উপায়ে সংশোধন করা হয়েছে:

- যৌথ ব্যবহার্য স্থানের প্রস্তাবিত তালিকা সমন্বয় করা হয়েছে এবং এই প্রস্তাবের অধীনে যৌথ স্থানসমূহ ব্যবহারের জন্য প্রতিটি সহাবস্থানকারী স্কুলের অনুকূলে বরাদ্দকৃত সময়ের পরিমাণ সম্পর্কে ডিওই যৌক্তিকতা ব্যাখ্যা করেছে; এবং ২০১২-২০১৩ স্কুল-বর্ষের শুরুতে বরাদ্দযোগ্য পূর্ণমাপের শ্রেণিকক্ষের সংখ্যা ৫৭ হতে কমিয়ে ৫৬ করা হয়েছে, কেননা ঐ বছর বিজ্ঞান ল্যাবটির নির্মাণ সম্পন্ন হয়ে যাবে বং তা সহাবস্থানকারী সকল স্কুল কর্তৃক একটি যৌথ ব্যবহার্য স্থান হিসেবে ব্যবহৃত হবে। এই বিজ্ঞান ল্যাবটি ইতোপূর্বে একটি স্কুলের জন্য বরাদ্দকৃত ছিল।

এই নথিব্যাপী যেরূপ আলোচিত হয়েছে, প্যানেল ফর এডুকেশন পলিসি প্রস্তাবিত সহাবস্থান অনুমোদন করার পর বিল্ডিং কাউন্সিল কর্তৃক যৌথভাবে চূড়ান্ত যৌথ স্থানের তালিকা তৈরি করা হবে।

১৯৯৮ সালের নিউ ইয়র্ক স্টেট চার্টার স্কুলস অ্যাক্ট (মে ২০১০-এর সংশোধনীসহ) অনুসারে নিম্নোক্ত পরিকল্পনায় ইনভিক্টাস প্রেপ, জে.এইচ.এস ২১৮ এবং দ্য স্কুল ফর ক্লাসিকস-এর মধ্যে শ্রেণিকক্ষ ও প্রশাসনিক স্থান বরাদ্দ তুলে ধরা হয়েছে। এতে আরো অন্তর্ভুক্ত রয়েছে ইনভিক্টাস প্রেপ, জে.এইচ.এস ২১৮ এবং দ্য স্কুল ফর ক্লাসিকস-এর মধ্যে যৌথ ব্যবহার্য সম্পদ ও স্থানসমূহের যৌথ ব্যবহারের একটি প্রস্তাব, যার অন্তর্ভুক্ত রয়েছে অন্ততঃ, ক্যাফেটেরিয়া, লাইব্রেরি, জিমনেশিয়াম, এবং বিনোদনমূলক স্থানসমূহ, এবং প্রস্তাবটি এ ধরনের ফ্যাসিলিটিসমূহে ন্যায্য প্রবেশাধিকারের নিশ্চয়তা প্রদান করে। ভবন নিরাপত্তা ও সুরক্ষার ওপর প্রভাব, যোগাযোগের জন্য প্রস্তাবিত কৌশল এবং সহাবস্থানকারী স্কুলগুলোর মধ্যে সহযোগিতামূলক সিদ্ধান্তগ্রহণ ইত্যাদি বিষয় সংক্রান্ত তথ্যাদি এবং যৌথ ব্যবহার্য স্থান সংক্রান্ত কমিটির একটি বর্ণনাও এতে সন্নিবিষ্ট রয়েছে। প্রস্তাবিত সহাবস্থান সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য এই পরিকল্পনাটি যে ইআইএস-এর সঙ্গে সংযুক্ত রয়েছে, অনুগ্রহপূর্বক তা দেখুন।

<u>পদ্ধতি</u>

পক্ষপাতহীনভাবে কক্ষ বরাদ্দ প্রদানের লক্ষ্যে আমরা এই পরিকল্পনায় বর্ণিত সকল স্কুল এবং/অথবা কর্মসূচির ক্ষেত্রে ডিওই ইন্সট্রাকশনাল ফুটপ্রিন্ট ("ফুটপ্রিন্ট")[1] বা পাঠদানগত পদচিহ্ন প্রয়োগ করেছি, এবং অবশিষ্ট স্থানসমূহ ন্যায়সঙ্গতভাবে বণ্টন করেছি ভবনের প্রতিটি স্কুল এবং/অথবা কর্মসূচিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনুপাত, সহাবস্থানকারী স্কুলগুলোর পাঠদানগত ও কর্মসূচিগত চাহিদা, এবং ভবনের অভ্যন্তরে বিদ্যমান বাড়তি স্থানের ভৌত অবস্থানের ওপর ভিত্তি করে।

<u>শ্রেণিকক্ষ ও প্রশাসনিক স্থান বরাদ্দের বাস্তবায়নযোগ্যতা ও ন্যায্যতার যৌক্তিকতা</u>

ফুটপ্রিন্ট স্কুলসমূহের জন্য তাদের পরিষেবাধীন গ্রেড-স্তর এবং প্রতি গ্রেডে ক্লাসের সংখ্যার ভিত্তিতে বরাদ্দযোগ্য কক্ষের ন্যূনতম সংখ্যা নির্ধারণ করে দেয়। বিদ্যমান স্কুলসমূহের জন্য ফুটপ্রিন্ট প্রয়োগ করা হয় কোন স্কুলের পরিকল্পিত বর্তমান ক্লাসের সংখ্যা এবং ক্লাসের আকারের ক্ষেত্রে, এবং বারা ডিরেক্টর অব স্পেস প্ল্যানিং (Borough Director of Space Planning) এবং স্কুলের প্রিন্সিপ্যাল কর্তৃক ভবনটির সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে তা সুনিশ্চিত করা হয়। কে-৫ গ্রেডসমূহে পরিষেবা প্রদানকারী এবং প্রি-কিন্ডারগার্টেন সেকশনের সুবিধা দানকারী প্রাথমিক স্কুলসমূহের ক্ষেত্রে ফুটপ্রিন্টে ধরে নেওয়া হয় যে ক্লাসগুলো স্ব-নিয়ন্ত্রিত। অতএব, ফুটপ্রিন্ট প্রতিটি সাধারণ শিক্ষা বা সহযোগিতামূলক দলগত শিক্ষকতা (Collaborative Team Teaching) সেকশনের জন্য একটি পূর্ণমাপের কক্ষ বরাদ্দ করে এবং স্কুলের পরিষেবাধীন প্রতিটি স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষা সেকশনে স্থান সঙ্কুলানের জন্য একটি করে পূর্ণমাপের বা অর্ধমাপের শ্রেণিকক্ষ বরাদ্দ করে। এ সকল ধারণক্ষমতা সৃষ্টিকারী পাঠদানের কক্ষ ছাড়াও, কে-৫ গ্রেডসমূহে পরিষেবা প্রদানকারী স্কুলগুলো গুচ্ছ অথবা বিশেষ ব্যবহারের শ্রেণিকক্ষ বরাদ্দ পেয়ে থাকে, যা তাদের ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যার সমানুপাতিক। প্রিন্সিপ্যালের ক্ষমতাবলে এ সকল শ্রেণিকক্ষ শিল্পকলা এবং/অথবা সঙ্গীত বিষয়ে পাঠদান, বা অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে।

[1] ফুটপ্রিন্ট হচ্ছে এরূপ একটি উপকরণ যা সংশ্লিষ্ট সকল পক্ষ ডিওই ভবনসমূহে বিদ্যমান স্থান বিশ্লেষণ ও মূল্যায়নে ব্যবহার করে। এর উদ্দেশ্য এটি নিশ্চিত করা যে সকল স্কুলের জন্য স্থান বরাদ্দ যেন ন্যায্য ও নিরপক্ষ হয়। সহাবস্থানের ক্ষেত্রে ফুটপ্রিন্টে উল্লেখ করা নির্দেশনা স্থান বরাদ্দ করার সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হওয়া উচিত, একই সাথে এটি ভবন ব্যবহারকারীদের চাহিদা পূরণে সর্বোত্তম সিদ্ধান্ত নিতে ক্ষমতায়িত করা উচিত। ডিওই ফুটপ্রিন্টটি পাওয়া যাবে এই ঠিকানায়: http://schools.nyc.gov/NR/rdonlyres/8CF30F41-DE25-4C30-92DE-731949919FC3/87633/NYCDOE_Instructional_Footprint_Final9210TNT.pdf

Department of Education

প্রাথমিক স্কুল পর্যায়ে গুচ্ছ শ্রেণিকক্ষসমূহ নিম্নোক্তভাবে বরাদ্দ করা হয়ে থাকে:

ভর্তিসংখ্যা	# গুচ্ছ কক্ষের সংখ্যা
১,২৫১ এবং তদোর্ধ্ব	৫
৭৫০-১,২৫০	৪
২৫১-৭৫০	৩
১৫১-২৫০	২
০-১৫০	১

৬-১২ গ্রেডসমূহের ক্ষেত্রে ফুটপ্রিন্টে ধরে নেওয়া হয় যে শিক্ষার্থীরা এক ক্লাস থেকে আরেক ক্লাসে আসা-যাওয়া করে এবং সেকারণে ক্লাসরুম বা শ্রেণিকক্ষগুলোকে সর্বোচ্চ দক্ষতার সঙ্গে ব্যবহারের পরিকল্পনা করা উচিত। ফুটপ্রিন্ট অনুযায়ী স্কুলের পরিষেবাধীন প্রতিটি সাধারণ শিক্ষা বা সহযোগিতামূলক দলগত শিক্ষণ (Collaborative Team Teaching) সেকশনের জন্য একটি করে পূর্ণমাপের ক্লাসরুম বরাদ্দ করা হয়ে থাকে এবং স্কুলের পরিষেবাধীন প্রতিটি স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষা সেকশনে স্থান সঙ্কুলানের জন্য একটি করে পূর্ণমাপের বা অর্ধমাপের শ্রেণিকক্ষ বরাদ্দ করা হয়। ফুটপ্রিন্ট অনুসারে এটি আবশ্যক নয় যে প্রত্যেক শিক্ষকের জন্য নিজস্ব সুনির্দিষ্ট ক্লাসরুম থাকতে হবে। এতে প্রিন্সিপ্যালগণের প্রতি তাদের স্কুলটিকে দক্ষতার সঙ্গে ব্যবহারের পরিকল্পনা প্রণয়নের জন্য অনুরোধ জানানো হয়েছে, যেন ক্লাসরুমগুলোকে সমগ্র স্কুল-দিবসব্যাপী একাধিক উদ্দেশ্যে কাজে লাগানো যায়।

সমগ্র গ্রেড পরিসরব্যাপী পরিষেবা প্রদানকালে সকল স্কুল তাদের শিক্ষার্থী সহায়তা পরিষেবা, রিসোর্স কক্ষ এবং প্রশাসনিক স্থানের জন্য ন্যূনতম আনুমানিক ৩.৫টি শ্রেণিকক্ষের[2] সমপরিমাণ জায়গা বরাদ্দ লাভ করে থাকে। ফুটপ্রিন্ট অনুযায়ী বরাদ্দ না হওয়া যে কোন অব্যবহৃত স্থান অবশ্যই সহাবস্থানকারী স্কুলগুলোর মাঝে ন্যায্যভাবে বণ্টন করতে হবে। ন্যায্য বণ্টন নির্ধারণের ক্ষেত্রে ডিওই যে সকল বিষয় বিবেচনা করতে পারে তার মধ্যে রয়েছে সহাবস্থানকারী স্কুলগুলোর আপেক্ষিক ভর্তিসংখ্যা, সহাবস্থানকারী স্কুলগুলোর পাঠদানগত ও কর্মসূচিগত চাহিদা, এবং ভবনের অভ্যন্তরে বিদ্যমান বাড়তি স্থানটির ভৌত অবস্থান।

ফুটপ্রিন্টে ন্যূনতম বরাদ্দ নির্ধারণ করে দেওয়া থাকলেও স্কুলের বরাদ্দকৃত স্থান কিভাবে কাজে লাগানো যায় সে ব্যাপারে স্কুল নেতৃবৃন্দ সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখেন। কাজেই, স্কুলের বরাদ্দকৃত স্থানে শিক্ষার্থীদেরকে কিভাবে ও কোথায় পরিষেবা প্রদান করা হবে সে বিষয়ে অবশ্যই প্রত্যেক প্রিন্সিপ্যালকে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। তবে শিক্ষার্থীদের চাহিদায় সহায়তা প্রদানের সক্ষমতা বৃদ্ধি এবং শিক্ষার্থীদের জন্য বিশেষ শিক্ষা ও সম্পর্কযুক্ত পরিষেবা বজায় রাখার লক্ষ্যে স্কুলসমূহ যেন স্থানসমূহ দক্ষতার সঙ্গে ব্যবহার করে তা নিশ্চিত করতে ডিওই সহায়তা প্রদান করবে। প্রযোজ্য ক্ষেত্রে, প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীদের জন্য ইতিবাচক শিক্ষাগত ফলাফলের বিকাশে নিবেদিত অফিস অব স্পেশাল এডুকেশন (Office of Special Education)-এর জ্ঞান ও নির্দেশনাকে কাজে লাগানোর সুযোগ স্কুলের নেতৃবৃন্দ পাবেন।

শ্রেণিকক্ষ ও প্রশাসনিক স্থান বরাদ্দ

ডিরেক্টর অব স্পেস প্ল্যানিং (Director of Space Planning) চার্লস ফিশার কর্তৃক অক্টোবর ২৭, ২০১০ তারিখে পরিচালিত সরেজমিনে ভবন পরিদর্শন ও জরিপ অনুসারে, কে২১৮ ভবনটিতে সর্বমোট ৬১টি পূর্ণমাপের শ্রেণিকক্ষ/স্থান[3] (দুটি পূর্ণমাপের বিজ্ঞান প্রদর্শন ল্যাব সহকারে), ১৫টি অর্ধমাপের শ্রেণিকক্ষ/স্থান,[4] প্রশাসনিক অফিস/স্থান হিসেবে নকশাকৃত ১.৫টি কক্ষের সমপরিমাণ জায়গা, এবং ১১টি এক চতুর্থাংশ বা সিকি-মাপের কক্ষ যেগুলো প্রশাসনিক অফিস/স্থান হিসেবে ব্যবহার করা যেতে পারে।[5] কে২১৮ ভবনটিতে আরো রয়েছে একটি জিমনেশিয়াম, অডিটোরিয়াম, ক্যাফেটেরিয়া, লাইব্রেরি, নৃত্য স্টুডিও, এবং উপকরণাদিসহ একটি ছোট খেলার আঙ্গিনা।

নিম্নোক্ত কক্ষগুলো ভবনের পরিষেবাসমূহ কর্তৃক ব্যবহৃত হয় অথবা এগুলো যৌথ স্থান:

- বীকন কর্মসূচি নামক একটি সিবিও বিদ্যমান রয়েছে যা বর্তমানে একটি পূর্ণমাপের শ্রেণিকক্ষ/স্থান হতে পরিচালিত হয়;
- যৌথ নৃত্য স্টুডিওটি একটি পূর্ণমাপের শ্রেণিকক্ষ/স্থানে অবস্থিত;
- নার্সের অফিসটি একটি পূর্ণমাপের শ্রেণিকক্ষ/স্থানে অবস্থিত;
- কাস্টোডিয়ানের অফিসটি একটি অর্ধমাপের শ্রেণিকক্ষ/স্থানে অবস্থিত;
- শিক্ষকদের যৌথ লাউঞ্জটি একটি অর্ধমাপের শ্রেণিকক্ষ/স্থানে অবস্থিত;

[2] নিউ ইয়র্ক সিটিতে বিভিন্ন ডিওই ভবনের গঠনের কারণে স্কুলসমূহকে শিক্ষার্থী সহায়তা পরিষেবার জন্য বা রিসোর্স রুম হিসেবে ৩.৫টি পূর্ণ মাপের কক্ষের সমান স্থান দেওয়া হতে পারে, যা সাতটি অর্ধ মাপের শ্রেণিকক্ষের বা দুটি পূর্ণ মাপের ও তিনটি অর্ধ মাপের শ্রেণি কক্ষ ইত্যাদির সমান।

[3] পূর্ণমাপের শ্রেণিকক্ষের আয়তন ৫০০ বর্গফুট বা তার বেশি।

[4] অর্ধমাপের শ্রেণিকক্ষের আয়তন ৫০০ বর্গফুটের কম তবে ২৪০ বর্গফুট বা তার বেশি।

[5] সিকিমাপের শ্রেণিকক্ষের আয়তন ২৪০ বর্গফুটের কম এবং এগুলো প্রশাসনিক/অফিসের স্থান বা রিসোর্স রুম হিসেবে ব্যবহৃত হতে পারে।

Department of Education

পরিশেষে, দুটি পূর্ণমাপের শ্রেণিকক্ষ রয়েছে যেগুলোকে আসন্ন বর্ষে একটি পূর্ণাঙ্গ বিজ্ঞান ল্যাবে রূপান্তর করা হবে। এই পূর্ণাঙ্গ বিজ্ঞান ল্যাবটির নির্মাণ ২০১২-২০১৩ স্কুল-বর্ষের পূর্বে সমাপ্ত হবে না, তবে নির্মাণকাজ ইতোমধ্যে আরম্ভ হয়েছে। তৈরি করা হয়ে গেলে এটি একটি যৌথ স্থান হিসেবে বিবেচিত হবে।

উপরে বর্ণিত কক্ষগুলো বাদে কে২১৮ ভবনে সর্বমোট ৫৬টি পূর্ণমাপের শ্রেণিকক্ষ রয়েছে (দুটি পূর্ণমাপের বিজ্ঞান প্রদর্শন ল্যাব সহ), ১৩টি অর্ধমাপের শ্রেণিকক্ষ/স্থান, ১.৫টি নকশাকৃত প্রশাসনিক অফিস/জায়গা, এবং অবশিষ্ট ১১টি সিকি-মাপের প্রশাসনিক অফিস/জায়গা যেগুলো স্কুলসমূহকে বরাদ্দ করা যেতে পারে।

২০১০-২০১১

২০১০-২০১১ বর্ষে, জে.এইচ.এস ২১৮ বর্তমানে ষষ্ঠ হতে অষ্টম গ্রেড পর্যন্ত ৫৯৯ জন শিক্ষার্থী ভর্তি করে। এ সকল শিক্ষার্থীকে ২২টি শ্রেণি/সেকশনে পরিষেবা প্রদান করা হয়।[6] নিম্নের ছকটি জে.এইচ.এস ২১৮'র ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ, যা এই নথির শুরুতে বর্ণিত পদ্ধতির ভিত্তিতে নির্ধারিত, জে.এইচ.এস ২১৮'র সমন্বিত ন্যূনতম বরাদ্দ, যা ভবনের সুনির্দিষ্ট নকশার প্রেক্ষিতে ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ অনুসরণ করে, এবং জে.এইচ.এস ২১৮ কর্তৃক বর্তমানে ব্যবহৃত জায়গার পরিমাণ-এর সারসংক্ষেপ তুলে ধরে।

২০১০-২০১১: জে.এই.এস. ২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)[7]	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	১৮	৮	১.৫	২	১	০	৪.০
সমন্বিত ন্যূনতম বরাদ্দ	২০	৬	১.৫	২	১	০	৪.০
বর্তমান স্থান বরাদ্দ	৪২	৮	১.৫	১	৩	০	৪.০

ডিওই জে.এইচ.এস ২১৮-এর ন্যূনতম বরাদ্দ সমন্বয় করেছে নিম্নোক্ত কারণে:

- সাধারণত, স্ব-নিয়ন্ত্রিত ক্লাসসমূহের স্থান সঙ্কুলান হয়ে থাকে অর্ধ-আকারের শ্রেণিকক্ষে। তবে কে২১৮ ভবনে জে.এইচ.এস ২১৮-এর অবস্থানের প্রেক্ষিতে, স্ব-নিয়ন্ত্রিত ক্লাসের সবগুলোর জন্য স্থান সঙ্কুলান করার মত পর্যাপ্ত সংখ্যক অর্ধ-মাপের শ্রেণিকক্ষ বিদ্যমান নেই। কাজেই স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষা ক্লাসগুলোর স্থান সঙ্কুলানের জন্য জে.এইচ.এস. ২১৮'কে দুটি অতিরিক্ত পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ বরাদ্দ করা হয়েছে। অবশিষ্ট স্ব-নিয়ন্ত্রিত ক্লাস অনুষ্ঠিত হয় অর্ধ-মাপের শ্রেণিকক্ষে। অতএব, জে.এইচ.এস. ২১৮-এর সমন্বিত বরাদ্দের মধ্যে রয়েছে দুটি অতিরিক্ত পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ এবং দুটি কম অর্ধ-মাপের শ্রেণিকক্ষ।

- উপরের ছকে যেমনটি প্রদর্শিত হয়েছে, জে.এইচ.এস. ২১৮ বর্তমানে ভবনের বিরাট সংখ্যক অতিরিক্ত কক্ষ ব্যবহার করছে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে জে.এইচ.এস. ২১৮ এ সকল বাড়তি শ্রেণিকক্ষের অনেকগুলোকে হারাবে এবং ফুটপ্রিন্ট অনুযায়ী কক্ষের ন্যূনতম বরাদ্দের কাছাকাছি থেকে কার্যপরিচালনা করতে হবে। ডিওই পূর্বানুমান করছে না যে অতিরিক্ত শ্রেণিকক্ষের স্থানসমূহ হ্রাস পেলে তা স্কুলের বর্তমান বা ভবিষ্যত ভর্তিসংখ্যা বা ভর্তি প্রক্রিয়ায় কোন প্রভাব ফেলবে। জে.এইচ.এস. ২১৮ অব্যাহতভাবে পাঠক্রম বহির্ভূত কর্মসূচিসমূহ প্রদান করে যাবে, যেক্ষেত্রে ভিত্তি হবে শিক্ষার্থীর আগ্রহ, বিদ্যমান রিসোর্স, এবং এসব কর্মসূচির জন্য প্রয়োজনীয় স্টাফদের প্রাপ্যতা। সহাবস্থানের এই প্রস্তাবের ফলে সে সকল সুযোগ প্রভাবিত হবে না, তবে সেসব কর্মসূচি এই প্রস্তাবটির কারণে ভিন্নভাবে প্রণয়ন করতে হতে পারে।

২০১০-২০১১ বর্ষে স্কুল ফর ক্লাসিকস নবম হতে একাদশ গ্রেড পর্যন্ত ২৩৮ জন শিক্ষার্থী ভর্তি করে[8]। এ সকল শিক্ষার্থীকে আটটি ক্লাসে/সেকশনে পরিষেবা প্রদান করা হয়।

[6] ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার।

[7] এফএসই বলতে বুঝায় পূর্ণ মাপের সম আয়তনের কক্ষ যেগুলো প্রশাসনিক উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে।

[8] ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার।

Department of Education

নিচের ছকটি স্কুল ফর ক্লাসিকস-এর ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ, যা এই নথির শুরুতে বর্ণিত পদ্ধতির ভিত্তিতে নির্ধারিত, এবং স্কুল ফর ক্লাসিকস কর্তৃক বর্তমানে ব্যবহৃত জায়গার পরিমাণ-এর সারসংক্ষেপ তুলে ধরে।

২০১০-২০১১: দ্য স্কুল ফর ক্লাসিকস	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	৮	১	০	২	১	০	২.৫
বর্তমান স্থান বরাদ্দ	১৫	১	০	২	২	০	৩.০

বর্তমানে বেশ কিছু সংখ্যক রুম অবরাদ্দকৃত রয়েছে:

২০১০-২০১১: ভবন কে২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	সিকি-মাপের শ্রেণিকক্ষ
অবরাদ্দকৃত স্থান	০	০	১১

নিচের ছকটি কে২১৮'র অভ্যন্তরে বিদ্যমান জায়গার সারসংক্ষেপ তুলে ধরে।

২০১০-২০১১: ভবন কে২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	সিকি-মাপের শ্রেণিকক্ষ
সমন্বিত ন্যূনতম বরাদ্দের অতিরিক্ত স্থান	২৪	৪	১১

২০১১-২০১২

২০১১-২০১২ বর্ষের ক্ষেত্রে ডিওই পূর্বানুমান করছে যে, জে.এইচ.এস ২১৮ অব্যাহতভাবে ৫৭৫-৬০৫ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে এবং এতে অব্যাহতভাবে ২২টি ক্লাস থাকবে।[9] ২০১১-২০১২ বর্ষের সমন্বিত ন্যূনতম বরাদ্দ ২০১০-২০১১-এর অনুরূপ। নিচের ছকে জে.এইচ.এস ২১৮-এর উপরোক্ত সমন্বিত ন্যূনতম বরাদ্দ তুলে ধরা হয়েছে:

২০১১-২০১২: জে.এইচ.এস. ২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
সমন্বিত ন্যূনতম বরাদ্দ	২০	৬	১.৫	২	১	০	৪.০

২০১১-২০১২ বর্ষে স্কুল ফর ক্লাসিকস কে২১৮ ভবনে এর পর্যায়ক্রমিক অভ্যুদয় সম্পন্ন করবে এবং নবম হতে দ্বাদশ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে। ডিওই পূর্বানুমান করছে যে স্কুল ফর ক্লাসিকস নবম হতে দ্বাদশ গ্রেড পর্যন্ত ৩০০-৩৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে এবং এতে ১২টি ক্লাস থাকবে।[10] নিচের ছকটি স্কুল ফর ক্লাসিকস-এর ন্যূনতম বরাদ্দের সারসংক্ষেপ তুলে ধরে:

২০১১-২০১২: দ্য স্কুল ফর ক্লাসিকস	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	১২	১	০	২	২	০	৩.০

[9] সার্বিক অনুমিতি ২০১১-২০১২ বর্ষের বাজেট রেজিস্টার অনুমিতির সঙ্গে সঙ্গতিপূর্ণ
[10] সার্বিক অনুমিতি ২০১১-২০১২ বর্ষের বাজেট রেজিস্টার অনুমিতির সঙ্গে সঙ্গতিপূর্ণ

২০১১-২০১২ বর্ষে, ইনভিক্টাস প্রেপ পঞ্চম গ্রেডে আনুমানিক ৯০ জন শিক্ষার্থী ভর্তি করবে। নিচের ছকটি ইনভিক্টাস প্রেপ-এর ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দের সারসংক্ষেপ উপস্থাপন করে:

২০১১-২০১২: ইনভিক্টাস প্রেপ	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	৪	১	০	১	১	০	১.৫

জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ তাদের নিজ নিজ সমন্বিত ন্যূনতম বরাদ্দ এবং ন্যূনতম কক্ষ বরাদ্দ পাওয়ার পর নিম্নোক্ত সংখ্যক কক্ষ অবরাদ্দকৃত থাকবে:

২০১১-২০১২: ভবন কে২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	সিকি-মাপের শ্রেণিকক্ষ
সমন্বিত ন্যূনতম বরাদ্দের অতিরিক্ত স্থান	১৫	১	১১

অতিরিক্ত স্থানগুলো জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ-এর মধ্যে বন্টন করা হবে যে বিষয়গুলোর ওপর ভিত্তি করে তা হলো: সহাবস্থানকারী স্কুলগুলোর আপেক্ষিক ভর্তিসংখ্যা এবং ভবনের অভ্যন্তরে প্রতিটি স্কুল হতে দূরত্বভেদে বিদ্যমান বাড়তি স্থানটির ভৌত অবস্থান। নিচে ২০১১-২০১২ বর্ষের জন্য পূর্ণাঙ্গ কক্ষ বরাদ্দ পরিকল্পনার সারসংক্ষেপ তুলে ধরা হল:

	ন্যূনতম/সমন্বিত ন্যূনতম বরাদ্দ							**অতিরিক্ত বরাদ্দ**			**২০১১-২০১২ সর্বমোট বরাদ্দ**			
২০১১-২০১২	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	প্রশাসনিক কাজের স্থান					পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)							
জে.এইচ.এস ২১৮	২০	৬	১.৫	২	১	০	৪.০	৮	০	৬	৩০	৭	৬	১.৫
দ্য স্কুল ফর ক্লাসিকস	১২	১	০	২	২	০	৩.০	৫	০	৪	১৯	৩	৪	০
ইনভিক্টাস প্রেপ	৪	১	০	১	১	০	১.৫	২	১	১	৭	৩	১	০

সব মিলিয়ে, জে.এইচ.এস ২১৮-কে বরাদ্দ করা হবে ৩০টি পূর্ণমাপের, সাতটি অর্ধমাপের, এবং ছয়টি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে ১.৫টি এফএসই। স্কুল ফর ক্লাসিকস-কে বরাদ্দ করা হবে ১৯টি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং চারটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না। ইনভিক্টাস প্রেপ-এর জন্য বরাদ্দ করা হবে সাতটি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং একটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না।

কক্ষ পরিবর্তন (+/-)	**২০১০-২০১১ সর্বমোট স্থান বরাদ্দ**				**২০১১-২০১২ সর্বমোট বরাদ্দ**				**পরিবর্তন (+/-)**			
	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
জে.এইচ.এস ২১৮	৩৯	১০	০	১.৫	৩০	৭	৬	১.৫	-৯	-৩	+৬	৩৯
দ্য স্কুল ফর ক্লাসিকস	১৭	৩	০	০	১৯	৩	৪	০	+২	০	+৪	১৭
ইনভিক্টাস প্রেপ	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	৭	৩	১	০	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

Department of Education

2012-2013:

২০১২-২০১৩ বর্ষের জন্য, ডিওই পূর্বানুমান করে যে পূর্ণ-মাপের বিজ্ঞান ল্যাবের নির্মাণ সুসম্পন্ন হয়ে যাবে এবং এটি একটি যৌথ ব্যবহার্য স্থান হিসেবে ব্যবহৃত হবে। নতুন এই পূর্ণ-মাপের বিজ্ঞান ল্যাবটির ব্যবহার কিভাবে বরাদ্দ করা হবে তা বিল্ডিং কাউন্সিল নির্ণয় করবে। এর ফলে তিনটি স্কুলকে বরাদ্দ প্রদানের মত পূর্ণ-মাপের শ্রেণিকক্ষের সংখ্যা থাকবে ৫৬টি।

২০১২-২০১৩ বর্ষের জন্য, ডিওই পূর্বানুমান করে যে জে.এইচ.এস ২১৮ অব্যাহতভাবে ৫৭৫-৬০৫ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে এবং এতে ২২টি ক্লাস থাকবে (প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থী সহকারে)।[11] নিচের ছকটি জে.এইচ.এস ২১৮-এর সমন্বিত ন্যূনতম বরাদ্দের সারসংক্ষেপ উপস্থাপন করে:

২০১২-২০১৩: জে.এইচ.এস ২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
সমন্বিত ন্যূনতম বরাদ্দ	২০	৬	১.৫	২	১	০	৪.০

২০১২-২০১৩ বর্ষের জন্য, ডিওই পূর্বানুমান করে যে, দ্য স্কুল ফর ক্লাসিকস নবম হতে দ্বাদশ গ্রেড পর্যন্ত ৪০০-৪৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে[12]। নিচের ছকটি দ্য স্কুল ফর ক্লাসিকস-এর ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দের সারসংক্ষেপ উপস্থাপন করে:

২০১২-২০১৩: দ্য স্কুল ফর ক্লাসিকস	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	১৬	১	০	২	২	০	৩.০

২০১২-২০১৩ বর্ষে, ইনভিক্টাস প্রেপ তাদের চার্টার অনুযায়ী পঞ্চম ও ষষ্ঠ গ্রেডে ছয়টি সেকশনে আনুমানিক ১৮০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। নিচের ছকটি ইনভিক্টাস প্রেপ-এর ন্যূনতম বরাদ্দের সারসংক্ষেপ উপস্থাপন করে:

২০১২-২০১৩: ইনভিক্টাস প্রেপ	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	৭	১	০	১	১	২	২.০

জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ তাদের নিজ নিজ সমন্বিত ন্যূনতম বরাদ্দ এবং ন্যূনতম কক্ষ বরাদ্দ পাওয়ার পর নিম্নোক্ত সংখ্যক কক্ষ অবরাদ্দকৃত থাকবে:

২০১২-২০১৩: ভবন কে২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	সিকি-মাপের শ্রেণিকক্ষ
ন্যূনতম বরাদ্দের পর অতিরিক্ত স্থান	৮	১	৯

অতিরিক্ত স্থানগুলো জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ-এর মধ্যে বণ্টন করা হবে যে বিষয়গুলোর ওপর ভিত্তি করে তা হলো: সহাবস্থানকারী স্কুলগুলোর আপেক্ষিক ভর্তিসংখ্যা এবং ভবনের অভ্যন্তরে প্রতিটি স্কুল হতে দূরত্বভেদে বিদ্যমান বাড়তি স্থানটির ভৌত অবস্থান। নিচে ২০১২-২০১৩ বর্ষের জন্য পূর্ণাঙ্গ কক্ষ বরাদ্দ পরিকল্পনার সারসংক্ষেপ তুলে ধরা হল:

[11] এই সংখ্যাটি ২০১২-২০১৩ এর চুড়ান্ত ভর্তিসংখ্যা অনুমিতির ওপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে।

[12] এই সংখ্যাটি ২০১২-২০১৩ এর চুড়ান্ত ভর্তিসংখ্যা অনুমিতির ওপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে।

	ন্যূনতম/সমন্বিত ন্যূনতম বরাদ্দ							অতিরিক্ত বরাদ্দ			২০১২-২০১৩ সর্বমোট বরাদ্দ			
২০১২-২০১৩	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	প্রশাসনিক কাজের স্থান					পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)							
জে.এইচ.এস ২১৮	২০	৬	১.৫	২	১	০	৪.০	৫	০	৫	২৭	৭	৫	১.৫
দ্য স্কুল ফর ক্লাসিকস	১৬	১	০	২	২	০	৩.০	২	০	৩	২০	৩	৩	০
ইনভিক্টাস প্রেপ	৭	১	০	১	১	২	২.০	১	১	১	৯	৩	৩	০

সব মিলিয়ে, জে.এইচ.এস ২১৮-কে বরাদ্দ করা হবে ২৭টি পূর্ণমাপের, সাতটি অর্ধমাপের, এবং পাঁচটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে ১.৫টি এফএসই। স্কুল ফর ক্লাসিকস-কে বরাদ্দ করা হবে ২০টি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং তিনটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না। ইনভিক্টাস প্রেপ-এর জন্য বরাদ্দ করা হবে নয়টি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং তিনটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না।

কক্ষ পরিবর্তন (+/-)	২০১১-২০১২ সর্বমোট স্থান বরাদ্দ				২০১২-২০১৩ সর্বমোট বরাদ্দ				পরিবর্তন (+/-)			
	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
জে.এইচ.এস ২১৮	৩০	৭	৬	১.৫	২৭	৭	৫	১.৫	-৩	০	-১	০
দ্য স্কুল ফর ক্লাসিকস	১৯	৩	৪	০	২০	৩	৩	০	+১	০	-১	০
ইনভিক্টাস প্রেপ	৭	৩	১	০	৯	৩	৩	০	+২	০	+২	০

২০১৩-২০১৪:

২০১৩-২০১৪ বর্ষের ক্ষেত্রে ডিওই পূর্বানুমান করছে যে, জে.এইচ.এস ২১৮ অব্যাহতভাবে ৫৭৫-৬০৫ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে এবং এতে অব্যাহতভাবে ২২টি ক্লাস থাকবে[13]। নিচের ছকে জে.এইচ.এস ২১৮-এর পূর্ববর্তী বছরের ন্যায় একই সমন্বিত ন্যূনতম বরাদ্দ তুলে ধরা হল:

২০১৩-২০১৪: জে.এইচ.এস ২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
সমন্বিত ন্যূনতম বরাদ্দ	২০	৬	১.৫	২	১	০	৪.০

[13] এই সংখ্যাটি ২০১৩-২০১৪ এর চূড়ান্ত ভর্তিসংখ্যা অনুমিতির ওপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে।

২০১৩-২০১৪ বর্ষের জন্য ডিওই পূর্বানুমান করছে যে, দ্য স্কুল ফর ক্লাসিকস অব্যাহতভাবে ৪০০-৪৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে।[14] কাজেই, নিচের ছকে দ্য স্কুল ফর ক্লাসিকস-এর পূর্ববর্তী বছরের ন্যায় একই সমন্বিত ন্যূনতম বরাদ্দ প্রতিফলিত হয়েছে:

২০১৩-২০১৪: দ্য স্কুল ফর ক্লাসিকস	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	১৬	১	০	২	২	০	৩.০

২০১৩-২০১৪ বর্ষের জন্য ডিওই পূর্বানুমান করছে যে, ইনভিক্টাস প্রেপ তাদের চার্টার অনুযায়ী পঞ্চম হতে সপ্তম গ্রেডে নয়টি ক্লাসে আনুমানিক ২৭০ জন শিক্ষার্থীকে (প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থী সহকারে) পরিষেবা প্রদান করবে। নিচের ছকটি ইনভিক্টাস প্রেপ-এর ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দের সারসংক্ষেপ উপস্থাপন করে:

২০১৩-২০১৪: ইনভিক্টাস প্রেপ	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	১০	১	০	১	১	৪	২.৫

জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ তাদের নিজ নিজ সমন্বিত ন্যূনতম বরাদ্দ এবং ন্যূনতম কক্ষ বরাদ্দ পাওয়ার পর নিম্নোক্ত সংখ্যক কক্ষ অবরাদ্দকৃত থাকবে:

২০১৩-২০১৪: ভবন কে২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	সিকি-মাপের শ্রেণিকক্ষ
ন্যূনতম বরাদ্দের পর অতিরিক্ত স্থান	৫	১	৭

[14] এই সংখ্যাটি ২০১৩-২০১৪ এর চূড়ান্ত ভর্তিসংখ্যা অনুমিতির ওপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে।

অতিরিক্ত পূর্ণ-মাপের, অর্ধ-মাপের এবং সিকি-মাপের শ্রেণিকক্ষগুলো জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ-এর মধ্যে বন্টন করা হবে যে বিষয়গুলোর ওপর ভিত্তি করে তা হলো: সহাবস্থানকারী স্কুলগুলোর আপেক্ষিক ভর্তিসংখ্যা এবং ভবনের অভ্যন্তরে প্রতিটি স্কুল হতে দূরত্বভেদে বিদ্যমান বাড়তি স্থানটির ভৌত অবস্থান।

নিচে ২০১৩-২০১৪ বর্ষের জন্য পূর্ণাঙ্গ কক্ষ বরাদ্দ পরিকল্পনার সারসংক্ষেপ তুলে ধরা হল:

	ন্যূনতম/সমন্বিত ন্যূনতম বরাদ্দ							**অতিরিক্ত বরাদ্দ**			**২০১৩-২০১৪ সর্বমোট বরাদ্দ**			
			প্রশাসনিক কাজের স্থান											
২০১৩-২০১৪	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
জে.এইচ.এস ২১৮	২০	৬	১.৫	২	১	০	৪.০	৩	০	৩	২৫	৭	৩	১.৫
দ্য স্কুল ফর ক্লাসিকস	১৬	১	০	২	২	০	৩.০	২	০	২	২০	৩	২	০
ইনভিক্টাস প্রেপ	১০	১	০	১	১	৪	২.৫	০	১	২	১১	২	৬	০

সব মিলিয়ে, জে.এইচ.এস ২১৮-কে বরাদ্দ করা হবে ২৫টি পূর্ণমাপের, সাতটি অর্ধমাপের, এবং তিনটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে ১.৫টি এফএসই। স্কুল ফর ক্লাসিকস-কে বরাদ্দ করা হবে ২০টি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং দুটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না। ইনভিক্টাস প্রেপ-এর জন্য বরাদ্দ করা হবে ১১টি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং ছয়টি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না।

কক্ষ পরিবর্তন (+/-)	**২০১২-২০১৩ সর্বমোট স্থান বরাদ্দ**				**২০১৩-২০১৪ সর্বমোট বরাদ্দ**				**পরিবর্তন (+/-)**			
	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
জে.এইচ.এস ২১৮	২৭	৭	৫	১.৫	২৫	৭	৩	১.৫	-২	০	-২	০
দ্য স্কুল ফর ক্লাসিকস	২০	৩	৩	০	২০	৩	২	০	০	০	-১	০
ইনভিক্টাস প্রেপ	৯	৩	৩	০	১১	৩	৬	০	+২	০	+৩	০

২০১৪-২০১৫:

২০১৪-২০১৫ বর্ষের জন্য ডিওই পূর্বানুমান করছে যে, জে.এইচ.এস ২১৮ অব্যাহতভাবে ৫৭৫-৬০৫ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে এবং এতে অব্যাহতভাবে ২২টি ক্লাস থাকবে।[15] নিচের ছকে জে.এইচ.এস ২১৮-এর পূর্ববর্তী বছরের ন্যায় একই সমন্বিত ন্যূনতম বরাদ্দ প্রতিফলিত হয়েছে:

২০১৪-২০১৫: জে.এইচ.এস ২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
সমন্বিত ন্যূনতম বরাদ্দ	২০	৬	১.৫	২	১	০	৪.০

[15] এই সংখ্যাটি ২০১৪-২০১৫ এর চূড়ান্ত ভর্তিসংখ্যা অনুমিতির ওপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে

২০১৪-২০১৫ বর্ষের জন্য ডিওই পূর্বানুমান করছে যে, দ্য স্কুল ফর ক্লাসিকস অব্যাহতভাবে ৪০০-৪৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে।[16] কাজেই, নিচের ছকে দ্য স্কুল ফর ক্লাসিকস-এর পূর্ববর্তী বছরের ন্যায় একই ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ প্রতিফলিত হয়েছে:

২০১৪-২০১৫: দ্য স্কুল ফর ক্লাসিকস	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	১৬	১	০	২	২	০	৩.০

২০১৪-২০১৫ বর্ষে ইনভিক্টাস প্রেপ ভবনটিতে পূর্ণাঙ্গরূপে কার্যক্রম্পরিচালনা করবে এবং এটি তাদের চার্টার অনুযায়ী ১২টি ক্লাসে আনুমানিক ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। নিচের ছকটি ইনভিক্টাস প্রেপ-এর ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দের সারসংক্ষেপ উপস্থাপন করে:

২০১৪-২০১৫: ইনভিক্টাস প্রেপ	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	প্রশাসনিক কাজের স্থান				
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)
ন্যূনতম ফুটপ্রিন্ট বরাদ্দ	১৩	১	০	২	১	৪	৩.০

জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ তাদের নিজ নিজ সমন্বিত ন্যূনতম বরাদ্দ এবং ন্যূনতম কক্ষ বরাদ্দ পাওয়ার পর নিম্নোক্ত সংখ্যক কক্ষ অবরাদ্দকৃত থাকবে:

২০১৪-২০১৫: ভবন কে২১৮	পূর্ণ-মাপের শ্রেণিকক্ষ	অর্ধ-মাপের শ্রেণিকক্ষ	সিকি-মাপের শ্রেণিকক্ষ
ন্যূনতম বরাদ্দের পর অতিরিক্ত স্থান	১	১	৭

অতিরিক্ত স্থানগুলো জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ-এর মধ্যে বণ্টন করা হবে যে বিষয়গুলোর ওপর ভিত্তি করে তা হলো: সহাবস্থানকারী স্কুলগুলোর আপেক্ষিক ভর্তিসংখ্যা এবং ভবনের অভ্যন্তরে প্রতিটি স্কুল হতে দূরত্বভেদে বিদ্যমান বাড়তি স্থানটির ভৌত অবস্থান।[17] নিচে ২০১৪-২০১৫ বর্ষের জন্য পূর্ণাঙ্গ কক্ষ বরাদ্দ পরিকল্পনার সারসংক্ষেপ তুলে ধরা হল:

	ন্যূনতম/সমন্বিত ন্যূনতম বরাদ্দ							**অতিরিক্ত বরাদ্দ**			**২০১৪-২০১৫ সর্বমোট বরাদ্দ**			
২০১৪-২০১৫	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	প্রশাসনিক কাজের স্থান					পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
			নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের জায়গা	অর্ধ-মাপের জায়গা	সিকি-মাপের জায়গা	মোট প্রশাসন (এফএসই)							
জে.এইচ.এস ২১৮	২০	৬	১.৫	২	১	০	৪.০	১	০	৩	২৩	৭	৩	১.৫
দ্য স্কুল ফর ক্লাসিকস	১৬	১	০	২	২	০	৩.০	০	০	২	১৮	৩	২	০
ইনভিক্টাস প্রেপ	১৩	১	০	২	১	৪	৩.০	০	১	২	১৫	৩	৬	০

সব মিলিয়ে, জে.এইচ.এস ২১৮-কে বরাদ্দ করা হবে ২৩টি পূর্ণমাপের, সাতটি অর্ধমাপের, এবং তিনটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে ১.৫টি এফএসই। স্কুল ফর ক্লাসিকস-কে বরাদ্দ করা হবে ১৮টি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং দুটি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না। ইনভিক্টাস প্রেপ-এর জন্য বরাদ্দ করা হবে ১৫টি পূর্ণমাপের, তিনটি অর্ধমাপের, এবং ছয়টি সিকি-মাপের জায়গা, এবং অফিসের জন্য নির্ধারিত স্থানে কোন জায়গা বরাদ্দ করা হবে না।

[16] এই সংখ্যাটি ২০১৪-২০১৫ এর চূড়ান্ত ভর্তিসংখ্যা অনুমিতির ওপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে

[17] ভর্তিসংখ্যার চূড়ান্ত অনুমিতির ভিত্তিতে এই সংখ্যাটি পরিবর্তিত হতে পারে।

কক্ষ পরিবর্তন (+/-)	২০১৩-২০১৪ সর্বমোট স্থান বরাদ্দ				২০১৪-২০১৫ সর্বমোট বরাদ্দ				পরিবর্তন (+/-)			
	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)	পূর্ণ-মাপের কক্ষ	অর্ধ-মাপের কক্ষ	সিকি-মাপের কক্ষ	নকশাকৃত প্রশাসন (এফএসই)
জে.এইচ.এস ২১৮	২৫	৭	৩	১.৫	২৩	৭	৩	১.৫	-২	০	০	০
দ্য স্কুল ফর ক্লাসিকস	২০	৩	২	০	১৮	৩	২	০	-২	০	০	০
ইনভিক্টাস প্রেপ	১১	৩	৬	০	১৫	৩	৬	০	+৪	০	০	০

পূর্বে যেরূপ উল্লেখ করে হয়েছে, এটি ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ – এই চার বছর যাবত কে২১৮ ভবনে ইনভিক্টাস প্রেপ'কে পূর্ণাঙ্গ কার্যক্রমের জন্য প্রস্তুত করার একটি প্রস্তাব। কে২১৮-তে এবং ডিস্ট্রিক্ট ১৯-এর অন্যান্য স্থানে বিদ্যমান ফাঁকা জায়গা ডিওই মূল্যায়ন করবে এবং ২০১৫-২০১৬ স্কুল-বর্ষ ও তার পরবর্তী সময়ের জন্য প্রাপ্য সবচেয়ে উপযোগী স্থানের ওপর ভিত্তি করে ইনভিক্টাস-এর দীর্ঘমেয়াদী অবস্থানের লক্ষ্যে একটি নতুন শিক্ষাগত প্রভাব বিবরণী ("ইআইএস") জারি করবে।

যৌথ ব্যবহার্য স্থানের পরিকল্পনা

যৌথ ব্যবহার্য স্থানের প্রস্তাবিত পরিকল্পনাটি নিচে দেওয়া হল। কে২১৮ ভবনের প্রত্যেক যৌথ ব্যবহার্য স্থানে প্রতিটি সহাবস্থানকারী স্কুলের জন্য অনুমিত অবস্থানের ব্যাপ্তির ওপর ভিত্তি করে নিম্নোক্ত পরিকল্পনাটি প্রণীত হয়েছে। সহাবস্থানের প্রস্তাবটি প্যানেল ফর এডুকেশন পলিসি (Panel for Education Policy) কর্তৃক অনুমোদিত হওয়ার পর বিল্ডিং কাউন্সিল এর সহযোগিতাক্রমে যৌথ ব্যবহার্য স্থান সংক্রান্ত চূড়ান্ত সময়সূচিটির খসড়া প্রণয়ন করা হবে।

<u>প্রস্তাবিত যৌথ ব্যবহার্য স্থান পরিকল্পনার বাস্তবায়নযোগ্যতা ও ন্যায্যতার যৌক্তিকতা</u>

যৌথ ব্যবহার্য স্থান সংক্রান্ত প্রস্তাবিত পরিকল্পনাটির ভিত্তি হচ্ছে প্রত্যেক সহাবস্থানকারী স্কুলের জনসংখ্যার আকার এবং নিচে বিস্তারিতভাবে বর্ণিত অন্যান্য সম্পর্কযুক্ত বিষয়াদি। ভবনের যৌথ ব্যবহার্য স্থানসমূহ কিভাবে ব্যবহার করা যেতে পারে এই মর্মে যদিও ডিওই প্রস্তাব উপস্থাপন করেছে, তথাপি বিল্ডিং কাউন্সিল এই প্রস্তাবিত যৌথ স্থান পরিকল্পনা হতে বিচ্যুত হতে পারবে, যাতে প্রত্যেক স্কুলের মধ্যে সকল বিশেষ জনগোষ্ঠী এবং গ্রুপের সুনির্দিষ্ট কর্মসূচিগত চাহিদা বাস্তবসম্মত ও ন্যায়সঙ্গতভাবে পূরণ করা যায়, শর্ত হচ্ছে যে এক্ষেত্রে বিল্ডিং কাউন্সিলকে সকল পক্ষের সঙ্গে সহযোগিতামূলকভাবে চূড়ান্ত যৌথ স্থান পরিকল্পনার ব্যাপারে চুক্তিতে উপনীত হতে হবে। (জ্ঞাতব্য: ভর্তিসংখ্যাগত অথবা কর্মসূচিগত চাহিদার যে কোন পরিবর্তনের প্রেক্ষিতে বিল্ডিং কাউন্সিল বার্ষিক ভিত্তিতে এই যৌথ স্থান ব্যবহার পরিকল্পনা এবং এর তালিকা পুনর্বিবেচনা করবে। দ্বন্দ্ব দেখা দিলে এবং অগ্রগতি বাধাগ্রস্ত হলে বিল্ডিং কাউন্সিল ক্যাম্পাস পলিসি মেমো (Campus Policy Memo)-তে বর্ণিত বিরোধ নিরসন পদ্ধতি অনুসরণ করবে। ক্যাম্পাস পলিসি মেমো পাওয়া যাবে এই ঠিকানায়: http://schools.nyc.gov/community/campusgov)।

নিম্নোক্ত প্রস্তাবিত তালিকাটির ভিত্তি হচ্ছে সহাবস্থানকারী প্রতিটি স্কুলের অনুমিত ভর্তিসংখ্যা, বর্তমান স্থান বরাদ্দ পরিকল্পনা, ডিওই স্কুল ফুড ওয়েবসাইটে বর্ণিত ভবনে বিদ্যমান স্কুলগুলোর বর্তমান লাঞ্চের সময়সূচি, সহাবস্থানকারী প্রত্যেক স্কুলের পরিষেবাধীন গ্রেড, স্বাভাবিক স্কুল দিবসের জন্য অফিস অব পিউপিল ট্রান্সপোর্টেশন-এর বাসের সময়সূচির ভিত্তিতে স্কুল দিবস আরম্ভ হওয়ার সময়।[18] যে ক্ষেত্রে সম্ভব, প্রস্তাবিত তালিকাটি প্রত্যেক যৌথ স্থানের জন্য স্কুলের বর্তমান বরাদ্দকৃত সময় অপরিবর্তিত রেখেছে এবং অবশিষ্ট সময় অন্যান্য প্রতিষ্ঠানের জন্য পুনর্বন্টন করেছে। যথাসম্ভব বাস্তবসম্মত ক্ষেত্রে, বিল্ডিং কাউন্সিল কর্তৃক দাখিলকৃত ২০১০-২০১১ ক্যাম্পাস অডিট টেমপ্লেট-এর ওপর ভিত্তি করে যৌথ স্থানসমূহ এমনভাবে বন্টন করা হয়েছে যেন চলতি বছর ঐ স্থান ব্যবহারকারী স্কুলগুলো আগামী বছর একই সময়সূচিমত তা ব্যবহার অব্যাহত রাখতে পারে।[19] যেহেতু ইনভিক্টাস প্রথমবারের মত এই ভবনে সহাবস্থান করবে, তাই সহাবস্থানকারী প্রত্যেক স্কুলকে যৌথ স্থান ব্যবহারের জন্য চলতি বছর বরাদ্দকৃত সময় হ্রাস বা পরিবর্তন করার প্রয়োজন হতে পারে, যাতে পরবর্তী স্কুল-বর্ষে ভবনের সকল শিক্ষার্থীকে সুযোগ প্রদান করা যায়।

জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ কিভাবে যৌথ স্থান ব্যবহার করবে তার পরিকল্পনা প্রণয়নে ডিওই উপরে বর্ণিত বিষয়গুলোর কতগুলো বা সবগুলো প্রয়োগ করে প্রস্তাবিত পরিকল্পনা প্রণয়ন করেছে যা ন্যায়সঙ্গতভাবে প্রতিটি স্থানের জন্য সময় বরাদ্দ করে।

[18] দেখুন ডিওই'র স্কুল ফুড ওয়েবসাইট, যার ঠিকানা http://www.opt-osfns.org/osfns/

[19] ক্যাম্পাস অডিট প্রত্যেক বিল্ডিং কাউন্সিল কর্তৃক Senior Supervising Superintendents Office বরাবর বার্ষিক ভিত্তিতে দাখিল করা হয়ে থাকে। ক্যাম্পাস অডিট-এ অন্তর্ভুক্ত থাকে বিল্ডিং কাউন্সিল-এর সিদ্ধান্তগুলোর যৌথ পরিকল্পনা ও বাস্তবায়ন, যেমন যৌথ স্থান তফসিল ইত্যাদি।

ক্যাফেটেরিয়া:

- যৌথ ব্যবহার্য স্থান হিসেবে ক্যাফেটেরিয়ার সময়সূচি প্রণীত হয়েছে কে২১৮ ক্যাম্পাস বিল্ডিং কাউন্সিল কর্তৃক দাখিলকৃত বিদ্যমান ২০১০-২০১১ ক্যাম্পাস অডিট টেমপ্লেট-এর ওপর ভিত্তি করে। যদিও প্রস্তাবিত সময়সূচিতে সহাবস্থানকারী স্কুলগুলোর অনুকূলে বরাদ্দকৃত সময়ের পরিমাণ তাদের ভর্তিসংখ্যার সঙ্গে সূক্ষ্মভাবে সমানুপাতিক নয়, বরং মোটামুটি সমানুপাতিক, তবুও ডিওই মনে করে এই তালিকা ন্যায়সঙ্গত ও তুলনাযোগ্য, কেননা এই প্রস্তাবটির চাহিদা অনুযায়ী ক্যাফেটেরিয়ার ধারণক্ষমতা রয়েছে এবং লাঞ্চের প্রথাসিদ্ধ সময়ে সকল শিক্ষার্থী তাদের লাঞ্চ গ্রহণ করতে সক্ষম হবে।

- জে.এইচ.এস ২১৮-এর ভর্তিসংখ্যায় তুলনামূলক স্থিতিশীলতার প্রেক্ষিতে ডিওই ২০১১-২০১২ বর্ষের জন্য জে.এইচ.এস ২১৮-এর বর্তমান লাঞ্চের সময়সূচি বজায় রাখার প্রস্তাব করেছে। লাঞ্চের জন্য জে.এইচ.এস ২১৮-এর অনুকূলে বর্তমানে সর্বাধিক পরিমাণ সময় (সপ্তাহে ১১ ঘণ্টা ৪০ মিনিট) বরাদ্দ রয়েছে, যা আনুমানিক ১১:১০ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত বিস্তৃত। জে.এইচ.এস ২১৮ তার সকল শিক্ষার্থীকে পরিষেবা দিতে নিচের সময়সূচি অনুযায়ী ক্যাফেটেরিয়ার জন্য এই পরিমাণ সময় পেতে থাকবে, কেননা অন্যান্য সহাবস্থানকারী স্কুলের তুলনায় এটি সর্বাধিক সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে।

- ২০১১-২০১২ স্কুল-বর্ষে স্কুল ফর ক্লাসিকস সম্প্রসারিত হয়ে দ্বাদশ গ্রেডে পরিষেবা প্রদান করবে। নিচের তালিকায় ক্যাফেটেরিয়ার জন্য স্কুল ফর ক্লাসিকস কর্তৃক বর্তমানে ভোগকৃত সময় (১০:৩০ হতে ১১:১০ ঘটিকা পর্যন্ত সপ্তাহে ৩ ঘণ্টা ২০ মিনিট) বজায় রাখা হয়েছে, যদিও স্কুল ফর ক্লাসিকস আগামী বছর অধিক সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। ক্যাফেটেরিয়াটির ৭৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদানের মত ধারণক্ষমতা রয়েছে, কাজেই স্কুল ফর ক্লাসিকস আগামী বছর অধিক সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করলেও, এর সকল শিক্ষার্থীকে (৩০০-৩৫০ জন) বর্তমান সময়সূচি অনুযায়ী ক্যাফেটেরিয়াতে পরিষেবা প্রদান করা সম্ভব হবে।

- এই পরিকল্পনার আওতায় উভয় স্কুল ক্যাফেটেরিয়ার জন্য বর্তমানে তাদের অনুকূলে বরাদ্দকৃত সময় বজায় রাখবে। অন্যভাবে বলতে গেলে, কোন স্কুলের ক্ষেত্রেই আগামী বছর এই যৌথ ব্যবহার্য স্থানটিতে তাদের সুনির্দিষ্ট সময়ের পরিমাণগত হ্রাস বা বৃদ্ধি ঘটছে না; তাই আমরা মনে করি এই পরিকল্পনাটি উভয় স্কুলের সঙ্গে ন্যায়সঙ্গত ও তুলনাযোগ্য উপায়ে আচরণ করে। অবশ্য নিম্নোক্ত পরিকল্পনা হতে বিচ্যুত হয়ে বিকল্প বন্দোবস্ত করার ক্ষমতা বিল্ডিং কাউন্সিলের রয়েছে।

- নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী, লাঞ্চের জন্য ইনভিক্টাসের অনুকূলে বরাদ্দ থাকবে ১২:০০ হতে ১২:৩০ ঘটিকা পর্যন্ত মোট ৩০ মিনিট, যা জে.এইচ.এস ২১৮-এর লাঞ্চ পিরিয়ডের সঙ্গে আংশিকভাবে যুগপত ঘটবে। ২০১০-২০১১ বর্ষে ইনভিক্টাস-এর পরিষেবাধীন অনুমিত শিক্ষার্থী সংখ্যা ৯০ হলে, জে.এইচ.এস ২১৮-এর শিক্ষার্থীদের এবং ইনভিক্টাসের শিক্ষার্থীদের একত্রে পরিষেবা দানের মত পর্যাপ্ত ধারণক্ষমতা ক্যাফেটেরিয়াতে রয়েছে।

- প্রাতরাশের ক্ষেত্রে ডিওই লক্ষ করে যে, কে২১৮-তে প্রথাগতভাবে সকল শিক্ষার্থী সকালের নাস্তার জন্য আগ্রহ প্রকাশ করে না এবং ডিওই বিদ্যমান সকল স্কুলকে প্রাতরাশের জন্য সমান পরিমাণ সময় বরাদ্দ করেছে। ডিওই ইনভিক্টাস-এর জন্যও প্রাতরাশের সময় বরাদ্দ করেছে (সকাল ৭:০০টা-৭:৩০টা)। যেহেতু ক্যাফেটেরিয়াতে ৭৫০ জন শিক্ষার্থীর ধারণক্ষমতা রয়েছে, তাই সহাবস্থানকারী স্কুলসমূহ এবং বিল্ডিং কাউন্সিল নিচের প্রস্তাবিত সময়সূচি হতে বিচ্যুত হয়ে ভবনের সকল শিক্ষার্থীকে পরিষেবা দিতে ক্যাফেটেরিয়াটিকে সকাল ৭:০০টা হতে ৮:০০টা পর্যন্ত যৌথভাবে ব্যবহার করতে পারে।

জিমনেশিয়াম, লাইব্রেরি, ক্রীড়াঙ্গন এবং অডিটোরিয়াম

- যেহেতু জে.এইচ.এস. ২১৮ সর্বাধিক সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে, তাই এটিকে লাইব্রেরি ও জিমনেশিয়ামের জন্য সর্বোচ্চ পরিমাণ সময় বরাদ্দ করা হয়েছে। স্কুল ফর ক্লাসিকস-এর বর্তমান পরিষেবাধীন পাঠদানগত কর্মসূচি বিন্যাস এবং পারফর্মিং আর্টস বা অনুষ্ঠান শিল্পের ভাবধারার ভিত্তিতে এটিকে সর্বোচ্চ পরিমাণ সময় অডিটোরিয়ামের জন্য বরাদ্দ করা হয়েছে।

জিমনেশিয়াম

- বর্তমানে স্কুল ফর ক্লাসিকস'কে জিমনেশিয়ামের জন্য সপ্তাহে ২ ঘণ্টা ১৫ মিনিট সময় বরাদ্দ করা হয়েছে এবং অবশিষ্ট সময়ের পুরোটা বরাদ্দ রয়েছে জে.এইচ.এস. ২১৮-এর জন্য।

- নিচের প্রস্তাবিত যৌথ স্থান ব্যবহার পরিকল্পনায় জে.এইচ.এস. ২১৮-কে জিমনেশিয়ামের জন্য বর্তমানের চেয়ে কম সময় বরাদ্দ দেওয়া হয়েছে, কিন্তু তারপরও সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদানের ভিত্তিতে এটি জিমনেশিয়ামে অন্য স্কুলগুলোর তুলনায় সর্বাধিক সময় (সপ্তাহে ১৭ ঘণ্টা ৩০ মিনিট) কাটাবে। স্কুল ফর ক্লাসিকসকে তার অনুমিত ভর্তিসংখ্যার ভিত্তিতে সপ্তাহে ১০ ঘণ্টা সময় বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ইনভিক্টাস-এর জন্য বরাদ্দ হচ্ছে সপ্তাহে ৫ ঘণ্টা।

লাইব্রেরি

- বর্তমানে জে.এইচ.এস. ২১৮ এবং স্কুল ফর ক্লাসিকস তাদের চাহিদার ভিত্তিতে লাইব্রেরি ব্যবহার করে থাকে এবং এক্ষেত্রে তাদের কোন ধরাবাঁধা সময়সূচি নেই।

- নিচের প্রস্তাবিত যৌথ স্থান ব্যবহারের সময়সূচিতে ডিওই সহাবস্থানকারী স্কুলগুলোর সবকটির জন্য লাইব্রেরিতে সময় বরাদ্দ করছে। সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী থাকার প্রেক্ষিতে জে.এইচ.এস. ২১৮-কে লাইব্রেরির জন্য সর্বাধিক সময় (সপ্তাহে ২০ ঘণ্টা) বরাদ্দ করা হয়েছে। তাদের ভর্তিসংখ্যার ভিত্তিতে স্কুল ফর ক্লাসিকস-এর জন্য সপ্তাহে ১১ ঘণ্টা ১৫ মিনিট এবং ইনভিক্টাস-এর জন্য সপ্তাহে ৩ ঘণ্টা ৪৫ মিনিট সময় বরাদ্দ করা হয়েছে।

বহিঃক্রীড়াঙ্গন

- যেহেতু জে.এইচ.এস. ২১৮-এর অনুমিত মোট ভর্তিসংখ্যা হবে সর্বাধিক, তাই বহিঃক্রীড়াঙ্গনে জে.এইচ.এস. ২১৮-এর জন্য সর্বোচ্চ পরিমাণ সময় (সপ্তাহে ১১ ঘন্টা ৪০ মিনিট) বরাদ্দ করা হয়েছে, এবং স্কুল ফর ক্লাসিকস-এর জন্য বরাদ্দ সপ্তাহে ৩ ঘন্টা ২০ মিনিট এবং ইনভিক্টাস-এর জন্য সপ্তাহে ২ ঘন্টা ৩০ মিনিট বরাদ্দ রাখা হয়েছে। অধিকন্তু, ক্রীড়াঙ্গনের সময়সূচিকে ক্যাফেটেরিয়ার সময়সূচির সঙ্গে শিথিলভাবে সম্পর্কযুক্ত রাখা হয়েছে যাতে স্কুলগুলো তাদের শিক্ষার্থীদেরকে লাঞ্চের সময় বা আগে বা পরে অবকাশের সুযোগ দিতে পারে।

অডিটোরিয়াম

- বর্তমানে জে.এইচ.এস. ২১৮-এর অডিটোরিয়ামে প্রবেশাধিকার রয়েছে প্রতি মাসের প্রথম সোমবার, এবং স্কুল ফর ক্লাসিকস-কে প্রতিদিন এর স্কুল-ছুটি-পরবর্তী কর্মসূচি চলাকালে অপরাহ্ণ ৩:০০ ঘটিকা হতে ৪:৩০ ঘটিকা পর্যন্ত অডিটোরিয়াম ব্যবহারের সুযোগ দেওয়া হয়েছে। অবশিষ্ট সময়ে অডিটোরিয়াম ব্যবহার চাহিদার ভিত্তিতে বিল্ডিং কাউন্সিল কর্তৃক নির্ধারিত হয়ে থাকে।

- স্কুল ফর ক্লাসিকস-এর ভাবধারা এবং পাঠদানগত কর্মসূচির মূল লক্ষ্য নিবিষ্ট থাকে পারফর্মিং আর্টস বা অনুষ্ঠান-নির্ভর শিল্পের উপর, যার কারণে অডিটোরিয়ামে অতিরিক্ত সময় দরকার হতে পারে। এই প্রেক্ষাপটে ডিওই স্কুল ফর ক্লাসিকস-এর জন্য অডিটোরিয়ামে সর্বাধিক পরিমাণ সময়ের (সপ্তাহে ২০ ঘন্টা) প্রস্তাব করছে। অনুমিত ভর্তিসংখ্যা এবং পরিষেবাধীন গ্রেড-এর ভিত্তিতে জে.এইচ.এস. ২১৮-এর জন্য সপ্তাহে ১০ ঘন্টা বরাদ্দ করা হয়েছে এবং ইনভিক্টাস-এর জন্য বরাদ্দ রয়েছে সপ্তাহে ৫ ঘন্টা।

- অডিটোরিয়ামের ধারণক্ষমতা ৬১৬ জন হওয়ার প্রেক্ষিতে নিচের প্রস্তাবিত যৌথ স্থান পরিকল্পনায় অডিটোরিয়ামটিকে বিভিন্ন পিরিয়ডে ভাগ করে ব্যবহারের সুযোগ রয়েছে, যাতে নিশ্চিত করা যায় যেন সকল শিক্ষার্থী এটি ব্যবহারের সুযোগ পায়। উদাহরণস্বরূপ, স্কুল ফর ক্লাসিকস অডিটোরিয়ামটি ৬০ মিনিটের ৪টি পিরিয়ডে ব্যবহার করতে পারে, যেখানে প্রতিবার ৮৮ জন শিক্ষার্থী সুযোগ পাবে; অথবা ৩০ মিনিটের ৮টি পিরিয়ডে ব্যবহার করতে পারে, যেখানে প্রতিবার ৪৪ জন শিক্ষার্থী সুযোগ পাবে। সহাবস্থানকারী স্কুলগুলোর চাহিদা পূরণে বিল্ডিং কাউন্সিল প্রস্তাবিত যৌথ স্থান পরিকল্পনা হতে বিচ্যুত হতে পারে।

ড্যান্স বা নৃত্য স্টুডিও

- কে২১৮ ক্যাম্পাস বিল্ডিং কাউন্সিল কর্তৃক দাখিলকৃত ২০১০-২০১১ ক্যাম্পাস অডিট টেমপ্লেট-এ ড্যান্স স্টুডিও'র বিষয়টির উল্লেখ নেই। বর্তমানে স্কুলগুলোকে তাদের চাহিদার ভিত্তিতে বিল্ডিং কাউন্সিল কর্তৃক ড্যান্স স্টুডিওতে প্রবেশাধিকার প্রদান করা হয়ে থাকে।

- স্কুল ফর ক্লাসিকস-এর ভাবধারা এবং পাঠদানগত কর্মসূচির মূল লক্ষ্য নিবিষ্ট থাকে পারফর্মিং আর্টস বা অনুষ্ঠান-নির্ভর শিল্পের উপর, যার কারণে ড্যান্স স্টুডিওতে তাদের বাড়তি সময় দরকার হতে পারে। এই প্রেক্ষাপটে ডিওই স্কুল ফর ক্লাসিকস-এর জন্য ড্যান্স স্টুডিওতে সর্বাধিক পরিমাণ সময়ের (সপ্তাহে ২০ ঘন্টা) প্রস্তাব রেখেছে। অনুমিত ভর্তিসংখ্যা এবং পরিষেবাধীন গ্রেড-এর ভিত্তিতে জে.এইচ.এস. ২১৮-এর জন্য সপ্তাহে ১০ ঘন্টা বরাদ্দ করা হয়েছে এবং ইনভিক্টাস-এর জন্য বরাদ্দ রয়েছে সপ্তাহে ৩ ঘন্টা ৪৫ মিনিট।

স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচিসমূহ

- ডিওই লক্ষ করে যে জে.এইচ.এস. ২১৮ পাঠক্রম বহির্ভূত কর্মসূচি প্রদান করে থাকে এবং বীকন প্রোগ্রাম কর্তৃক পরিচালিত একটি স্কুল-ছুটি পরবর্তী কর্মসূচি এতে রয়েছে। বর্তমানে বীকন প্রোগ্রামের জন্য সুনির্দিষ্ট কোন স্থান নির্ধারিত নেই, ফলে ডিওই বীকন প্রোগ্রামকে যৌথ ব্যবহার্য স্থানে কোন সময় বরাদ্দ করেনি, যদিও বিল্ডিং কাউন্সিল নিচের সময়সূচি হতে বিচ্যুত হতে পারবে।

- উপরে যেরূপ উল্লেখ করা হয়েছে, স্কুল ফর ক্লাসিকস'কে বর্তমানে এর স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি চলাকালে অপরাহ্ণ ৩:০০ হতে ৪:৩০ ঘটিকা পর্যন্ত অডিটোরিয়ামে প্রবেশাধিকার প্রদান করা হয়েছে। স্কুল ফর ক্লাসিকস চলতি বছর যে স্কুল ছুটি-পরবর্তী সময়সূচি অনুসরণ করছে, নিচের তালিকাতেও একই সময়সূচি বহাল রাখা হয়েছে।

- ডিওই লক্ষ করে যে ইনভিক্টাস প্রেপ একটি নতুন চার্টার স্কুল এবং বর্তমানে এর কোন স্কুল ছুটি-পরবর্তী সময়সূচি নেই। স্কুল ছুটি-পরবর্তী সময়ে সকল যৌথ স্থান ব্যবহারের যাবতীয় অনুরোধের প্রেক্ষিতে বিল্ডিং কাউন্সিল ব্যবস্থা গ্রহণ করবে।

- বিল্ডিং কাউন্সিল এই প্রস্তাবিত যৌথ স্থান পরিকল্পনা হতে বিচ্যুত হতে পারবে, যাতে প্রত্যেক স্কুলের মধ্যে সকল গ্রুপের সুনির্দিষ্ট কর্মসূচিগত চাহিদা বাস্তবসম্মত ও ন্যায়সঙ্গতভাবে পূরণ করা যায়, তবে শর্ত হচ্ছে যে এক্ষেত্রে বিল্ডিং কাউন্সিলকে সকল পক্ষের সঙ্গে সহযোগিতামূলকভাবে চূড়ান্ত যৌথ স্থান পরিকল্পনার ব্যাপারে চুক্তিতে উপনীত হতে হবে।

ডিওই পূর্বানুমান করে যে ২০১১-২০১২ বর্ষে জে.এইচ.এস ২১৮ পরিষেবা প্রদান করবে ৫৭৫-৬০৫ জন শিক্ষার্থীকে, এবং দ্য স্কুল ফর ক্লাসিকস প্রদান করবে ৩০০-৩৫০ জন শিক্ষার্থীকে। ইনভিক্টাস প্রেপ ২০১১-২০১২ বর্ষে ৯০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। স্কুল ফর ক্লাসিকস ২০১১-২০১২ বর্ষে এর পর্যায়ক্রমিক আবির্ভাব সম্পন্ন করবে। স্কুল ফর ক্লাসিকস-এর ভর্তিসংখ্যা ২০১১-২০১২-এর পর থেকে এবং ইনভিক্টাস প্রেপ-এর ভর্তিসংখ্যা প্রতি বছর বৃদ্ধি পেতে থাকায় এই যৌথ স্থান পরিকল্পনাটিও সে অনুযায়ী সংশোধন করা হতে থাকবে। স্কুল দিবসে সর্বপ্রথম শুরুর সময় এবং সর্বশেষ সমাপ্তির সময়ের জন্য অফিস অব পিউপিল ট্রান্সপোর্টেশন-এর বাসের সময়সূচির ভিত্তিতে দেখা যায়, জে.এইচ.এস ২১৮-এর স্বাভাবিক স্কুল দিবস পরিচালিত হয় আনুমানিক

৮:০০ ঘটিকা হতে ৩:০০ ঘটিকা পর্যন্ত, স্কুল ফর দ্য ক্লাসিকস-এর স্বাভাবিক স্কুল দিবস পরিচালিত হয় আনুমানিক ৮:০৫ ঘটিকা হতে ৩:০৫ ঘটিকা পর্যন্ত।[20] ইনভিক্টাস একটি নতুন স্কুল এবং এখন পর্যন্ত যৌথ ব্যবহার্য স্থানের জন্য এর কোন সময়সূচি অথবা স্কুল আরম্ভ ও সমাপ্তির কোন সময়সূচি নেই। নিম্নোক্ত সময়সূচি এবং উপরে প্রদত্ত ব্যাখ্যার ভিত্তিতে ডিওই মনে করে যে প্রস্তাবিত যৌথ স্থান পরিকল্পনাটি বাস্তবসম্মত এবং সকল যৌথ ব্যবহার্য স্থান ব্যবহারে সক্ষমতায় প্রত্যেক স্কুলের সঙ্গে ন্যায়সঙ্গত ও তুলনামূলকভাবে আচরণ করা হচ্ছে।

স্থান	সোমবার	মঙ্গলবার	বুধবার	বৃহস্পতিবার	শুক্রবার
ক্যাফেটেরিয়া[21] (ধারণক্ষমতা: ৭৫০ জন)	**প্রাতরাশ:** **ইনভিক্টাস প্রেপ** সকাল ৭:০০-৭:৩০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** সকাল ৭:৩০-৮:০০টা **জে.এইচ.এস ২১৮** সকাল ৭:৩০-৮:০০টা **লাঞ্চ:** **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০-১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০-১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০-১২:৩০ ঘটিকা	**প্রাতরাশ:** **ইনভিক্টাস প্রেপ** সকাল ৭:০০-৭:৩০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** সকাল ৭:৩০-৮:০০টা **জে.এইচ.এস ২১৮** সকাল ৭:৩০-৮:০০টা **লাঞ্চ:** **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০-১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০-১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০-১২:৩০ ঘটিকা	**প্রাতরাশ:** **ইনভিক্টাস প্রেপ** সকাল ৭:০০-৭:৩০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** সকাল ৭:৩০-৮:০০টা **জে.এইচ.এস ২১৮** সকাল ৭:৩০-৮:০০টা **লাঞ্চ:** **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০-১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০-১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০-১২:৩০ ঘটিকা	**প্রাতরাশ:** **ইনভিক্টাস প্রেপ** সকাল ৭:০০-৭:৩০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** সকাল ৭:৩০-৮:০০টা **জে.এইচ.এস ২১৮** সকাল ৭:৩০-৮:০০টা **লাঞ্চ:** **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০-১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০-১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০-১২:৩০ ঘটিকা	**প্রাতরাশ:** **ইনভিক্টাস প্রেপ** সকাল ৭:০০-৭:৩০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** সকাল ৭:৩০-৮:০০টা **জে.এইচ.এস ২১৮** সকাল ৭:৩০-৮:০০টা **লাঞ্চ:** **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০-১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০-১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০-১২:৩০ ঘটিকা
লাইব্রেরি	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ৮:০০-১০:১৫ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১০:১৫-২:১৫ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:১৫-৩:০০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ৮:০০-১০:১৫ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১০:১৫-২:১৫ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:১৫-৩:০০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ৮:০০-১০:১৫ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১০:১৫-২:১৫ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:১৫-৩:০০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ৮:০০-১০:১৫ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১০:১৫-২:১৫ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:১৫-৩:০০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ৮:০০-১০:১৫ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১০:১৫-২:১৫ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:১৫-৩:০০ ঘটিকা
জিমনেশিয়াম (ধারণক্ষমতা: ৮১২ জন)	**জে.এইচ.এস ২১৮** ৮:৩০-১২:০০ ঘটিকা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১২:০০-২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০-৩:০০ ঘটিকা	**জে.এইচ.এস ২১৮** ৮:৩০-১২:০০ ঘটিকা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১২:০০-২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০-৩:০০ ঘটিকা	**জে.এইচ.এস ২১৮** ৮:৩০-১২:০০ ঘটিকা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১২:০০-২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০-৩:০০ ঘটিকা	**Jজে.এইচ.এস ২১৮** ৮:৩০-১২:০০ ঘটিকা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১২:০০-২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০-৩:০০ ঘটিকা	**জে.এইচ.এস ২১৮** ৮:৩০-১২:০০ ঘটিকা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১২:০০-২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০-৩:০০ ঘটিকা

[20] https://www.opt-osfns.org/opt/Resources/SchoolRouteStSearch/SearchResult.aspx.

[21] ডিওই লক্ষ করে যে সকল শিক্ষার্থী স্কুলে সকালের নাস্তা গ্রহণ করে না। তাছাড়া, প্রয়োজনবোধে এই মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে, যা বিল্ডিং কাউন্সিল নির্ধারণ করবে।

অডিটোরিয়াম (ধারণক্ষমতা: ৬১৬ জন)	**ইনভিক্টাস প্রেপ** ৮:০০টা–৯:০০টা **স্কুল ফর ক্লাসিকস** ৯:০০টা–১:০০টা **জে.এইচ.এস ২১৮** ১:০০টা–৩:০০টা <u>স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি:</u> **স্কুল ফর ক্লাসিকস:** ৩:০০টা–৪:৩০টা	**ইনভিক্টাস প্রেপ** ৮:০০টা–৯:০০টা **স্কুল ফর ক্লাসিকস** ৯:০০টা–১:০০টা **জে.এইচ.এস ২১৮** ১:০০টা–৩:০০টা <u>স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি:</u> **স্কুল ফর ক্লাসিকস:** ৩:০০টা–৪:৩০টা	**ইনভিক্টাস প্রেপ** ৮:০০টা–৯:০০টা **স্কুল ফর ক্লাসিকস** ৯:০০টা–১:০০টা **জে.এইচ.এস ২১৮** ১:০০টা–৩:০০টা <u>স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি:</u> **স্কুল ফর ক্লাসিকস:** ৩:০০টা–৪:৩০টা	**ইনভিক্টাস প্রেপ** ৮:০০টা–৯:০০টা **স্কুল ফর ক্লাসিকস** ৯:০০টা–১:০০টা **জে.এইচ.এস ২১৮** ১:০০টা–৩:০০টা <u>স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি:</u> **স্কুল ফর ক্লাসিকস:** ৩:০০টা–৪:৩০টা	**ইনভিক্টাস প্রেপ** ৮:০০টা–৯:০০টা **স্কুল ফর ক্লাসিকস** ৯:০০টা–১:০০টা **জে.এইচ.এস ২১৮** ১:০০টা–৩:০০টা <u>স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি:</u> **স্কুল ফর ক্লাসিকস:** ৩:০০টা–৪:৩০টা
অন্যান্য: ড্যান্স স্টুডিও	**জে.এইচ.এস ২১৮** ৮:০০টা–১০:০০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:০০–২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০–২:৪৫ ঘটিকা	**জে.এইচ.এস ২১৮** ৮:০০টা–১০:০০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:০০–২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০–২:৪৫ ঘটিকা	**জে.এইচ.এস ২১৮** ৮:০০টা–১০:০০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:০০–২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০–২:৪৫ ঘটিকা	**জে.এইচ.এস ২১৮** ৮:০০টা–১০:০০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:০০–২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০–২:৪৫ ঘটিকা	**জে.এইচ.এস ২১৮** ৮:০০টা–১০:০০টা **দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:০০–২:০০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ২:০০–২:৪৫ ঘটিকা
অন্যান্য: বহিঃক্রীড়াঙ্গন	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০–১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০–১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০–১২:৩০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০–১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০–১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০–১২:৩০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০–১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০–১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০–১২:৩০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০–১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০–১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০–১২:৩০ ঘটিকা	**দ্য স্কুল ফর ক্লাসিকস** ১০:৩০–১১:১০ ঘটিকা **জে.এইচ.এস ২১৮** ১১:১০–১:৩০ ঘটিকা **ইনভিক্টাস প্রেপ** ১২:০০–১২:৩০ ঘটিকা

ভবন সুরক্ষা ও নিরাপত্তা

চ্যান্সেলরের প্রবিধান এ-৪১৪ অনুসারে প্রতিটি স্কুল/ক্যাম্পাসের অবশ্যই একটি সুরক্ষা কমিটি থাকতে হবে। এই কমিটি সুরক্ষা কর্মপ্রক্রিয়া প্রতিষ্ঠায়, শিক্ষার্থী এবং স্টাফদের প্রত্যাশা ও দায়িত্ব অবহিতকরণে, এবং স্কুলের সুনির্দিষ্ট চাহিদার প্রেক্ষিতে প্রতিরোধমূলক ও হস্তক্ষেপ কৌশল ও কর্মসূচি প্রণয়নে এক অপরিহার্য ভূমিকা পালন করে থাকে। এই কমিটি গঠিত হয় স্কুল কমিউনিটির বিভিন্ন সদস্যদের সমন্বয়ে, যাদের মধ্যে রয়েছেন প্রিন্সিপ্যাল(গণ); ঐ ভবনে চালু থাকা অন্যান্য সকল কর্মসূচির মনোনীত প্রতিনিধি; ইউএফটি চ্যাপ্টার নেতৃবৃন্দ; কাস্টোডিয়াল এঞ্জিনিয়ার/মনোনীত প্রতিনিধি; এবং ইন-হাউস স্কুল সেফটি এজেন্ট লেভেল থ্রি। কমিটি নিয়মিত ভিত্তিতে সুরক্ষা সংক্রান্ত বিষয়াদি মোকাবেলা এবং অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণ, হস্তক্ষেপ, প্রশিক্ষণ ইত্যাদির প্রয়োজন চিহ্নিত হলে সে বিষয়ে প্রিন্সিপ্যাল(গণ)-এর নিকট যথাযথ সুপারিশমালা উপস্থাপনের জন্য দায়ী।

কমিটি একটি সামগ্রিক স্কুল নিরাপত্তা পরিকল্পনা প্রণয়নের জন্যও দায়ী, যা ঐ সাইটের স্বাভাবিক কর্মকাণ্ডের রূপরেখা তুলে ধরে এবং জরুরী পরিস্থিতির উদ্ভব হলে কী পদ্ধতি অবলম্বন করা হবে তা বিবৃত করে। এই পরিকল্পনাটিকে অবশ্যই সিটিব্যাপী সুপারিশকৃত সুরক্ষা পরিকল্পনা শেল-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। স্কুল সুরক্ষা পরিকল্পনায় ঐ স্কুলে চালু থাকা প্রত্যেক কর্মসূচিকে অবশ্যই কর্মসূচি-সংশ্লিষ্ট তথ্যাদি অন্তর্ভুক্ত করতে হবে। পরিবর্তনশীল নিরাপত্তা চাহিদা, প্রাতিষ্ঠানিক ও ভবন পরিস্থিতি এবং অন্যান্য কারণের প্রেক্ষিতে সুরক্ষা পরিকল্পনাসমূহ প্রতিবছর স্কুল সুরক্ষা কমিটি কর্তৃক হালনাগাদ করা হয়। এছাড়া, কমিটি অন্য যে কোন সময়ে নিরাপত্তাজনিত উদ্বেগ মোকাবেলায় সুরক্ষা পরিকল্পনায় পরিবর্তন সাধনের জন্য সুপারিশ উপস্থাপন করে।

উপরে বর্ণিত প্রক্রিয়ার সঙ্গে সঙ্গতি রেখে ইনভিক্টাস প্রেপ-এর নেতা/মনোনীত প্রতিনিধি কে২১৮ ভবনের স্কুল সুরক্ষা কমিটির অংশ হবেন। স্কুল সুরক্ষা কমিটির সদস্য হিসেবে ইনভিক্টাস প্রেপ-এর নেতা/মনোনীত প্রতিনিধি ভবনটির সুরক্ষা পরিকল্পনা প্রণয়নে অংশ নেবেন এবং নিশ্চিত করবেন যে, ইনভিক্টাস প্রেপ-এরসহাবস্থান সংশ্লিষ্ট যে কোন নিরাপত্তা ইস্যু বা উদ্ভূত চাহিদা যেন নিয়মিত ভিত্তিতে মোকাবেলা করা হয়। অধিকন্তু, সহাবস্থানের সঙ্গে সংশ্লিষ্ট যে কোন পরিবর্তনশীল নিরাপত্তা চাহিদা পূরণে কে২১৮-এর সুরক্ষা পরিকল্পনায় যথাযথ পরিবর্তন আনা হবে। স্কুল ভবনের নিরাপদ কার্যক্রম নিশ্চিত করতে ইনভিক্টাস প্রেপ কে২১৮ ভবনের সামগ্রিক সুরক্ষা পরিকল্পনায় তথ্য প্রদান করবে।

প্রতিটি স্কুল ভবনকে অবশ্যই একটি বিল্ডিং রেস্পন্স টিম প্রতিষ্ঠা করতে হবে, যা গঠিত হবে ক্যাম্পাসের প্রত্যেক স্কুল হতে আগত প্রশিক্ষিত স্টাফ সদস্যদের নিয়ে, এবং যা সক্রিয় হবে তখনই, যখন জরুরী পরিস্থিতি বা বৃহ ভবনব্যাপী ঘটনা ঘটবে। এই টিমের সদস্যগণকে অবশ্যই স্কুল সুরক্ষা পরিকল্পনায় চিহ্নিত ও নাম অন্তর্ভুক্ত থাকতে হবে।

কে২১৮ স্কুল ভবনের পূর্ণ সুরক্ষা পরিকল্পনাটি অনুমোদনের জন্য Borough Safety Directors of the Office of School and Youth Development বরাবর দাখিল করা হবে। যদি কোন পরিবর্তন বা পরিবর্ধন সাধনের প্রয়োজন হয়, তাহলে স্কুল সুরক্ষা কমিটিকে তা জানানো হবে। স্কুলের সুরক্ষা পরিকল্পনাটি অনুমোদিত হয়ে গেলে তা চূড়ান্ত অনুমোদন এবং সার্টিফিকেশনের জন্য এনওয়াইপিডি বরাবর দাখিল করা হবে।

প্রস্তাবিত যোগাযোগ কৌশল

ক্যাম্পাস পলিসি মেমো ২০১০ অনুযায়ী, সহাবস্থানকারী স্কুলসমূহকে অবশ্যই সক্রিয়ভাবে একটি বিল্ডিং কাউন্সিলে অংশগ্রহণ করতে হবে, যা ভবনটির সকল স্কুলকে প্রভাবিত করে এমন ইস্যুগুলোর ব্যাপারে প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি ক্যাম্পাস কাঠামো।[22] শুধুমাত্র প্রিন্সিপ্যালগণ এবং চার্টার নেতৃবৃন্দ বিল্ডিং কাউন্সিলে ভূমিকা রাখেন। ভবনস্থ সকল স্কুলের দৈনন্দিন সুষ্ঠু পরিচালনা এবং তাদের পরিষেবাধীন শিক্ষার্থীদের নিরাপত্তা সংক্রান্ত আলোচনা ও নিষ্পত্তির জন্য বিল্ডিং কাউন্সিল মাসে অন্তত একবার মিলিত হবে। বিল্ডিং কাউন্সিল প্রিন্সিপ্যালগণ এবং চার্টার নেতৃবৃন্দ প্রযোজ্য ক্ষেত্রে তাদের সিদ্ধান্তসমূহ ক্যাম্পাসব্যাপী স্টাফ, শিক্ষার্থী এবং পিতামাতাদেরকে জানাবেন, বিশেষতঃ নিরাপত্তা, যৌথ ব্যবহার্য স্থান, ক্যাম্পাসের সময়সূচি, বিভক্ত স্টাফ চুক্তি এবং ফ্যাসিলিটির বর্ধিত ব্যবহার সংক্রান্ত বিষয়াদি।

যে সকল ক্যাম্পাসে একটি পাবলিক স্কুল ভবনে এক বা একাধিক চার্টার বহির্ভূত স্কুল বা উপযুক্ত ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচির সঙ্গে চার্টার স্কুলসমূহ সহাবস্থান করে, সেখানে চ্যান্সেলরের প্রবিধান এ-১৯০ অনুচ্ছেদে বিবৃত পদ্ধতিতে স্কুল এবং/অথবা উপযুক্ত কর্মসূচির প্রিন্সিপ্যালগণ কর্তৃক যৌথ ব্যবহার্য স্থান সংক্রান্ত একটি কমিটি (Shared Space Committee) প্রতিষ্ঠিত হবে। সংশোধিত চার্টার স্কুল অ্যাক্ট (Amended Charter School Act)-এর কার্যকারিতার তারিখ, মে ২৮, ২০১০ এর পরে অনুমোদনপ্রাপ্ত চার্টার সহাবস্থানের ক্ষেত্রে যৌথ স্থান সংক্রান্ত কমিটি পিইপি কর্তৃক ভবন সদ্ব্যবহার পরিকল্পনা অনুমোদিত হওয়ার পর এর বাস্তবায়ন পর্যালোচনা করবে। সংশোধিত চার্টার স্কুল অ্যাক্ট-এর কার্যকারিতার তারিখের পূর্বে অবস্থান বা সহাবস্থানের অনুমোদনপ্রাপ্ত চার্টার স্কুলের ক্ষেত্রে যৌথ স্থান সংক্রান্ত কমিটি সে সকল ভবনের বর্তমান ভবন স্থান পরিকল্পনা পর্যালোচনা করবে। যৌথ স্থান সংক্রান্ত কমিটি বছরে কমপক্ষে চারবার মিলিত হবে।

যৌথ স্থান সংক্রান্ত কমিটি গঠিত হবে প্রত্যেক সহাবস্থানকারী স্কুলের প্রিন্সিপ্যাল, একজন শিক্ষক এবং একজন পিতামাতার সমন্বয়ে। নন-চার্টার স্কুলের শিক্ষক ও পিতামাতা সদস্যের ক্ষেত্রে এরূপ যৌথ স্থান সংক্রান্ত কমিটি সদস্যরা স্কুলের সংশ্লিষ্ট এসএলটি সাংগঠনিক সদস্যবর্গ কর্তৃক নির্বাচিত হবেন। চার্টার স্কুল নেতৃবৃন্দ তাদের দলীয় সদস্যদের সঙ্গে একত্রে কাজ করার মাধ্যমে ঐ স্কুলের প্রতিনিধিত্বকারী পিতামাতা ও শিক্ষক নির্বাচন করবেন। যৌথ স্থান সংক্রান্ত কমিটির কার্যসূচি ও কার্যবিবরণী বিল্ডিং কাউন্সিলকে জানানো হবে। যৌথ স্থান সংক্রান্ত কমিটির সদস্যগণকে ভবন সদ্ব্যবহার পরিকল্পনা এবং ক্যাম্পাসে এর বাস্তবায়ন সম্পর্কে তাদের সাংগঠনিক দলের নিকট আলোচনা করার অনুরোধ করা যেতে পারে।

প্রস্তাবিত সহযোগিতামূলক সিদ্ধান্ত গ্রহণ কৌশল

বিল্ডিং কাউন্সিল সদস্যগণ শিক্ষার পরিবেশ গঠনে সমান অংশীদার; তারা যৌথভাবে ভবন প্রশাসন, যোগাযোগ এবং সংস্কৃতির জন্য দায়িত্ব ও দায়বদ্ধতা বহন করেন। তাদেরকে অবশ্যই একে অপরের অনন্য সংস্কৃতির প্রতি শ্রদ্ধাশীল হতে হবে এবং ক্যাম্পাসে সকল শিক্ষার্থী এবং স্কুলের জন্য হিতকারী যৌথ সিদ্ধান্তসমূহ যুগপ্‌ভাবে গ্রহণ করতে হবে এবং তা সকলকে জানাতে হবে। তারা ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করেন এবং তারা ক্যাম্পাসে সকল বাস্তবায়ন ইস্যুতে সহযোগিতা নিশ্চিত করতে কাজ করেন। যে ক্ষেত্রে বিল্ডিং কাউন্সিল কোন ইস্যুতে নিষ্পত্তিতে পৌঁছতে পারবেন না, সেক্ষেত্রে তারা ক্যাম্পাস পলিসি মেমো ২০১০-এ বিবৃত বিবাদ নিষ্পত্তি প্রক্রিয়া অবলম্বন করবেন।

[22] ক্যাম্পাস পলিসি মেমো ২০১০ পাওয়া যাবে এই ঠিকানায়: http://schools.nyc.gov/community/campusgov.